



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলতলা, খুলনা।
www.fultala.khulna.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪০.৪৭৬৯.০০৫.০১.০৯৭.১৭- ১৩১(৫০)

তারিখ : ০৭-০২-২০১৭ খ্রিঃ।

“বাংলা ১৪২৪ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি”

ফুলতলা উপজেলাধীন হাট-বাজারসমূহ বাংলা ১৪২৪ সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। “ক” তফসিলে বর্ণিত হাট-বাজার একসনা মেয়াদে (১লা বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) ফুলতলা এর কার্যালয়, ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলতলা থানা এর কার্যালয়, সোনালী ব্যাংক, ফুলতলা শাখা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে “খ” তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক দরপত্র ফরম/ সিডিউল অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) বিক্রয় করা হবে। দরপত্র ফরমসমূহ “খ” তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাদের সনুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন হাট-বাজারের জন্য টেন্ডারে প্রাপ্ত সর্বোচ্চ দর যদি সংশ্লিষ্ট হাটের কাংখিত সরকারী মূল্য হতে কম হয় তবে উক্ত হাটের ইজারা কার্যক্রম “খ” তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

“ক” তফসিল

ক্রমিক নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	বাংলা ১৪২৪ সনের সরকারী মূল্য	দরপত্র/সিডিউল মূল্য
১	ফুলতলা হাট	ফুলতলা-দামোদর ইউনিয়ন	৩৬,১০,২০০/=	৮,০০০/=
২	জামিরা হাট	জামিরা ইউনিয়ন	১,৩২,৬৯৭/=	১,০০০/=
৩	পথের বাজার	আটরা-গিলাতলা ইউনিয়ন	১১,৪৭০/=	৫০০/=
৪	ইস্টার্নগেট বাজার	আটরা-গিলাতলা ইউনিয়ন	১০,৫৯৬/=	৫০০/=
৫	ছাতিয়ানী বাজার	জামিরা ইউনিয়ন	১,৪০৮/=	৫০০/=
৬	গিলাতলা ডিমের হাট	আটরা-গিলাতলা ইউনিয়ন	১৬৫০/=	৫০০/=

“খ” তফসিল

দরপত্র আহ্বানের পর্ব	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্ব	২৬-০২-২০১৭ খ্রিঃ (রবিবার)	২৭-০২-২০১৭ খ্রিঃ দুপুরঃ ১২-৩০ ঘঃ পর্যন্ত।	২৭-০২-২০১৭ খ্রিঃ বিকালঃ ০৩-৩০ ঘঃ
২য় পর্ব	০৮-০৩-২০১৭ খ্রিঃ (বুধবার)	০৯-০৩-২০১৭ খ্রিঃ দুপুরঃ ১২-৩০ ঘঃ পর্যন্ত।	০৯-০৩-২০১৭ খ্রিঃ বিকালঃ ০৩-৩০ ঘঃ
৩য় পর্ব	১৫-০৩-২০১৭ খ্রিঃ (বুধবার)	১৬-০৩-২০১৭ খ্রিঃ দুপুরঃ-১২-৩০ ঘঃ পর্যন্ত।	১৬-০৩-২০১৭ খ্রিঃ বিকালঃ ০৩-৩০ ঘঃ
৪র্থ পর্ব	২২-০৩-২০১৭ খ্রিঃ (বুধবার)	২৩-০৩-২০১৭ খ্রিঃ দুপুরঃ ১২-৩০ ঘঃ পর্যন্ত।	২৩-০৩-২০১৭ খ্রিঃ বিকালঃ ৩-৩০ ঘঃ

বিস্তারিত শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে জানা যাবে।

মাশরুফা ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাট-বাজার ইজারা প্রদান কমিটি
ফুলতলা, খুলনা।